S@ifur's

তৃপ্তিসহ

HSC & আলিম ইংলিশ বোর্ড বই ব্যাখ্যা

Recent Razer

কলেজ বা কোচিং-এ
এই বই পাঠ্য করলে
ছাত্ররা **A**$^{+}$ পাবে।

Saifur Rahman Khan

" সহজতম পদ্ধতিতে **English** শেখার

- পদ্ধতির আবিষ্কারক।

Edition ◻ **Exam: 2026-27**

Published by ◻ **S@ifur's Publication**

Copyright © ➲ **Saifur Rahman Khan**

[এই বই অথবা বইয়ের কোনো অংশ **pdf** করে বিক্রি করা বা **free** সরবরাহ করা আইনত দণ্ডনীয়]

<u>প্রাপ্তিস্থান</u>

S@ifur's Publication Pvt. Ltd.

১৮/২ জয়চন্দ্র ঘোষ লেন, প্যারিদাস রোড,

বাংলাবাজার ঢাকা।

01713 43 20 15 ;

01613 43 20 16

ISBN: 978-984-99272-8-0

Compose & Design:

মো. আল-মামুন ফেরদৌস, আব্দুল কুদ্দুস শেখ

YouTube চ্যানেল

www.youtube.com/@SaifursOfficial

কুরিয়ারে সাইফুর'স এর যেকোনো বই পেতে

01713 43 20 15;

01613 43 20 16

(10 am to 5 pm)

English ও ক্যারিয়ার নিয়ে

বইয়ের অর্ডার করতে visit করুন:

www.saifursbooks.com

Price: Tk. 450 (*Fixed*)

Recent Bazar

ঠেইব্‌ল্ of Contents

❑ Unit-01: Education and Life

Lesson-**1:** *The Parrot's Tale* (ঠেইল্ = গল্প) 001
Lesson-**2:** *Education and Technology* 014
Lesson-**3:** *Children in School* 025
Lesson-**4:** *Civic Engagement* 039

❑ Unit-02: Art and Craft

Lesson-**1:** *What is Beauty?* 052
Lesson-**2:** *Folk Music* 060
Lesson-**3:** *Art*.................... 074
Lesson-**4:** *Craft* 086

❑ Unit-03: Myths and Literature

Lesson-**1:** *Myths of Bengal* 094
Lesson-**2:** *Icarus* 098
Lesson-**3:** *The Legend of Gazi* **105**
Lesson-**4:** *Khona* **110**

ক্লাসের জন্য অপেক্ষা না করে বইটা পড়া শুরু করে দাও

Recent Bazar

❑ Unit-04: History

Lesson-**1:** *Three Speeches* **119**
Lesson-**2:** *Great Women* **179**

❑ Unit-05: Human Rights

Lesson-**1:** Are We Aware of These Rights? – I ?.................... **197**
Lesson-**2:** *Are We Aware of These Rights? – II ?*.................... **206**
Lesson-**3:** *Rights to Health and Education* **213**
Lesson-**4:** *Coal Miners* **219**
Lesson-**5:** *Frederick Douglass* **225**

❑ Unit-06: Dreams

Lesson-**1:** *What is a Dream?* **233**
Lesson-**2:** *Dream in Literature*.................... **241**

❑ Unit-07: Youthful Achievers

Lesson-**1:** *Brojen Das: On Conquering the English Channel* **244**
Lesson-**2:** *Scaling a Mountain Peak or Riding Your Dream?* **252**
Lesson-**3:** *The Unbeaten Girls* **261**

❑ Uni-08: Relationships

Lesson-**1:** *Family Relationship* **265**
Lesson-**2:** *Warmth in Relationship* **268**
Lesson-**3:** *A Mother in Mannville* **272**
Lesson-**4:** *Love* .... **(এই বই পড়ার সময় কোনোকিছু মুখস্থ করা লাগবে না)** **292**

❑ Unit-09: Adolescence

Lesson-**1:** *Storm and Stress of Adolescence* **300**
Lesson-**2:** *Adolescence and Some (Related) Problems in Bangladesh* **315**
Lesson-**3:** *The Story of Shilpi* **327**
Lesson-**4:** *Say 'No' to Bullying* **339**

❑ Unit-10: Lifestyle

Lesson-**1:** *Manners around the World* **351**
Lesson-**2:** *Etiquette Netiquette* **361**
Lesson-**3:** *Food and Culture*.. **369**
Lesson-**4:** *Fitness* **376**
Lesson-**5:** *Consumerism*.. **381**

❑ Unit-11: Peace and Conflict

Lesson-**1:** *Situations of Conflict* **386**
Lesson-**2:** *"The Old Man at the Bridge" by Ernest Hemingway* **395**
Lesson-**3:** *Stories From Gaza* **406**
Lesson-**4:** *Peace in Literature*.. **413**
Lesson-**5:** *Opinions through images*.. **417**

❑ Unit-12: Environment and Nature

Lesson-**1:** *Water, Water Everywhere...* **424**
Lesson-**2:** *The Greta Effect* .... **(গল্পের মতো পড়তে হবে এই বই)** **436**
Lesson-**3:** *Endangered Species*.. **441**
Lesson-**4:** *What is Environmental Justice?*.. **445**
Lesson-**5:** *Limits of the Scientific Method*............... .... **452**

Recent Bazar

Unit # 1 | Education & Life | Lesson # 1 | The Parrot's Tale (তোতা পাখির গল্প)

(B) Here is a short story on education. Read the story and answer the questions that follow. (এখানে শিক্ষা বিষয়ক একটি ছোট গল্প রয়েছে। গল্পটি পড়ো এবং পরবর্তী প্রশ্নগুলোর উত্তর দাও।)

The Parrot's Tale

– Rabindranath Tagore

(Translated by Kaiser Haq)

01. *Once upon a time there lived a bird. It was unlettered. It sang but couldn't recite a word of scripture. It hopped and it flew but lacked all sense of manners.*

শব্দের অর্থ

Once upon a time = কোনো এক কালে ।	***unlettered*** (আন্‌লেটার্‌ড্‌) = মূর্খ ।
recite (রিসাইট্‌) = আবৃত্তি করা ।	***scripture*** (স্ক্রিপ্‌চার্‌) = শাস্ত্র ।
hopped (হপ্‌ড্‌) = লাফাতো ।	***manners*** (ম্যানার্‌স্‌) = আদব-কায়দা ।

বাক্যের অর্থ

এক-যে ছিল এক পাখি। এটা ছিল মূর্খ। এটা গান গাইত কিন্তু শাস্ত্রের একটি শব্দও আবৃত্তি করতে পারতো না। এটা লাফাতো ও উড়তো কিন্তু এটির আদব-কায়দার কোনো জ্ঞান ছিলো না।)

Recent Bazar

02. *The King said, "Such a bird is of no use. Yet it devours fruit from the forest, bringing down the profits of fruiterers in the royal market."*

শব্দের অর্থ

of no use	(অফ্‌ নো ইউয্‌)	= কোনো কাজের না ।
devour	(ডিভাউআর্‌)	= লোভীর মতো খাওয়া ।
bring down	(ব্রিং ডাউন্‌) ***xyz***	= *xyz*-কে কমিয়ে দেয়া / আনা ।
fruiterer	(ফ্রুটারার্‌)	= ফল-বিক্রেতা ।

বাক্যের অর্থ

রাজা বললেন, "এই ধরনের একটি পাখি কোনো কাজের না। কিন্তু তা সত্ত্বেও এটা বন থেকে ফল খায়, (এভাবে) রাজহাটে ফল-বিক্রেতাদের লাভকে কমিয়ে দেয়।"

03. *He summoned* (সামন্ = তলব করা) *the Minister and commanded, "Educate the bird!"* (তিনি মন্ত্রীকে তলব করলেন এবং আদেশ করলেন, "পাখিটাকে শিক্ষা দাও!")

04. *The task of educating the bird fell on the King's nephews, his sisters' sons.* (পাখিটাকে শিক্ষা দেয়ার দায়িত্বটা পড়লো রাজার ভাগিনাদের, মানে তার বোনদের পুত্রদের উপর।)

05. *The learned men of the court deliberated long. They pondered* (পন্ডার্ = ভালোভাবে চিন্তা করা) *the reasons behind the ignorance of the creature in questions.*

শব্দের অর্থ

deliberate (ডেলিবারেইট্) = কোনো বিষয় সম্পর্কে গুরুত্বসহকারে ভেবে দেখা ।
in question (ইন্ কোয়েস্চ্যান্) = যাকে নিয়ে আলোচনা করা হচ্ছে ।

বাক্যের অর্থ

দরবারের পন্ডিতরা দীর্ঘক্ষণ ধরে গুরুত্বের সংগে বিষয়টা নিয়ে চিন্তা করলেন। যে জীবটাকে (পাখি) নিয়ে আলোচনা করা হচ্ছে সেটার অজ্ঞতার কারণগুলো নিয়ে তারা চিন্তা-ভাবনা করে দেখলেন।)

06. *The conclusion: the bird's nest made of straw and twigs could not hold much knowledge. Therefore, the first thing needed was a proper cage.* (সিদ্ধান্ত হলো: খড়কুটা এবং ছোটো ছোটো ডালপালা দিয়ে তৈরি পাখির বাসাটি বেশি জ্ঞান ধরে রাখতে পারে না। তাই প্রথম জিনিস যেটা দরকার সেটা ছিলো একটা উপযুক্ত খাঁচা।)

বাক্যের ব্যাখ্যা

.... the birds' nest made of straw and twigs .....

এটাকে আরো ভেঙে লেখা যায় – *the bird's nest which is / was made of straw .....*

কিন্তু এভাবে লিখলে বাক্যটি ভালো মানের বাক্য হবে না। তাই standard ইংলিশে *which is / was* এগুলোকে বাদ দিয়ে শুধু *made of straw .....* লিখতে হবে। এটাকে বলা হয় গ্রামারের ভাষায় **past participle**।

একইভাবে ঠিক পরের বাক্যে

.... the first thing needed ..... = ... the first thing ***which was needed*** *.....*

07. *The royal scholars received handsome* (প্রচুর) *fees and happily went home.* (রাজপন্ডিতরা প্রচুর পারিশ্রমিক পেল এবং খুশির সংগে বাড়ি ফিরে গেল।)

Recent Bazar

08. *A goldsmith set to work on a gilded cage. It turned out to be of such exquisite workmanship that people from far and near crowded round for a look.*

শব্দের অর্থ

goldsmith (গোল্ড্স্মিথ্) = স্বর্ণকার । ***gilded*** (গিল্ডেড্) = সোনার পাত দিয়ে মোড়ানো।
exquisite (এক্স্কুইযিট্) = চমৎকার । ***workmanship*** (ওয়ার্ক্ম্যান্শিপ্) = কারিগরি শিল্প-নৈপুন্য।

বাক্যের অর্থ

একজন স্বর্ণকার কাজ করা শুরু করলো সোনার পাত দিয়ে মোড়ানো একটি খাঁচা তৈরি করতে। এতটাই চমৎকার কারিগরি শিল্প-নৈপুন্য দিয়ে এটি তৈরি করা হয়েছিলো যে দূর থেকে এবং কাছ থেকে লোকজন এর চারদিকে জড়ো হলো এটিকে একবার দেখার জন্য।

(ঈভেন্ ইফ্ = এমনকি যদি)

09. *Some said, "This is education par excellence." Others said, "Even if it learns nothing, it has got the cage. What a lucky bird."* [কেউ কেউ বললো, "এটা হলো শ্রেষ্ঠ শিক্ষা।" অন্যরা বললো, "এমনকি যদি এটা (পাখিটা) কিছু নাও শেখে, এটা খাঁচা তো পেয়েছে। কী ভাগ্যবান পাখিটা!"]

*** *par excellence*** (পার্ এক্সেলেন্স্) = সর্বোচ্চ মানের।

10. *The goldsmith was delighted to get a bagful of money as reward and went home at once.* (স্বর্ণকার পুরস্কার হিসেবে ব্যাগভর্তি টাকা পেয়ে আনন্দিত হলো এবং তৎক্ষণাৎ বাড়ি ফিরে গেল।)

(স্নাফ্ = নস্যি)

11. *A teacher came to give lessons to the bird. He took a pinch of snuff and declared, "This isn't a matter of just a few texts."* (একজন শিক্ষক আসলো পাখিটাকে বিদ্যা শিখাতে। সে এক চিমটি নস্যি নিলো এবং ঘোষণা করলো, "এটা কেবলমাত্র শুধু অল্প কিছু বইয়ের কাজ নয়।")

*** *pinch*** (পিন্চ্) = দুই আঙুলের ডগার মধ্যে যতটুকু ধরে অর্থাৎ খুব অল্প পরিমাণ = এক চিমটি।

12. *One of the royal nephews sent for scribes. The made multiple copies of various texts until there was a veritable mountain. "Bravo!" exclaimed those who saw it, "There is no room for any more knowledge."*

শব্দের অর্থ

scribe (স্ক্রাইব্) = পুঁথি বা দলিল লেখক। ***multiple*** (মাল্টিপ্ল্) = বহু / অনেক।
veritable (ভেরিট্যাব্ল্) = বাস্তবিক। ***room*** (রুম্) = জায়গা।

বাক্যের অর্থ

রাজার ভাগিনাদের একজন পুঁথি লিখকদেরকে ডেকে পাঠালেন। তারা বিভিন্ন বইয়ের অনেকগুলো কপি বানালো যে পর্যন্ত না তা বাস্তবিক একটা পাহাড়ের মত বিশাল আকার ধারণ করলো। "সাবাস!" যারা এটা দেখল তারা বলে উঠলো, "আরো বেশি জ্ঞান ধরার মত কোনো জায়গা আর অবশিষ্ট নেই।")

Recent Bazar

13. *The scribes loaded their wages onto bullocks and merrily headed home. They would never again want for anything.* [দলিল লেখকরা তাদের মজুরি / পারিশ্রমিক দিয়ে বলদগুলো বোঝাই করলো এবং আনন্দের সংগে বাড়ির দিকে অগ্রসর হলো। তারা আর কখনো কোনোকিছুর জন্য অভাববোধ করবে না।]

শব্দের অর্থ

load (লোউড্) = বোঝাই করা । ***wage*** (ওয়েইজ্) = মজুরি / পারিশ্রমিক ।
merrily (মেরিলি) = আনন্দের সঙ্গে । ***head*** (হেড্) = অগ্রসর হওয়া ।
want for (ওয়ান্ট ফর্) ***xyz*** = *xyz*-এর জন্য অভাববোধ করা।

14. *The nephews were constantly busy looking after the expensive cage. Repairs were always under way.* [(রাজার) ভাগিনারা সর্বদা বিরতিহীনভাবে ব্যস্ত ছিলো দামি খাঁচাটির দেখাশুনা করার কাজে। মেরামত কাজ সবসময় চলমান ছিলো।]

শব্দের অর্থ

constantly (কন্‌স্‌ট্যান্‌ট্‌লি) = বিরতিহীনভাবে। ***under way*** (আন্ডার্ ওয়েই) = চলমান।

15. *Anyone who saw the endless dusting, wiping and polishing had to agree that there was "marked improvement".* [যে কেউ (এই) সীমাহীন ঝাড়া, মোছা আর পালিশ করার কাজ দেখতো, তাদের একমত হতে হতো যে (পাখিটার শিক্ষার) "লক্ষ্যণীয় উন্নতি" হয়েছে।]

শব্দের অর্থ

endless (এন্ড্‌লেস্) = সীমাহীন । ***dust*** (ডাস্ট্) = ধূলাবালু ঝাড়া ।
wipe (ওআইপ্) = মোছা । ***marked*** (মার্‌ক্‌ড্) = লক্ষ্যণীয় ।

16. *A large maintenance crew was needed, and more personnel to supervise them. They all got handsome monthly salaries, which they saved in their wooden chests.*

শব্দের অর্থ

maintenance (মেইন্‌টেন্যান্‌স্) = রক্ষণাবেক্ষণ। ***crew*** (ক্রু) = কোনো বিশেষ কাজে নিয়োজিত কর্মীবৃন্দ।
personnel (পার্‌সোনেল্) = কর্মচারী । ***chest*** (চেস্ট্) = সিন্দুক।

বাক্যের অর্থ

খাঁচাটির রক্ষণাবেক্ষণের জন্য বিশাল সংখ্যক কর্মীর প্রয়োজন হয়েছিলো, এবং তাদেরকে, মানে রক্ষণাবেক্ষণের কাজে নিয়োজিত কর্মীদের কাজকে আবার *supervise* তথা তত্ত্বাবধান করার জন্য আরো কর্মচারীর প্রয়োজন হয়েছিলো। তারা সকলেই পেত বেশ ভালো রকমের মাসিক বেতন, যেটা তারা তাদের কাঠের তৈরি সিন্দুকে জমা করে রাখতো।

Recent Bazar

17. *Even their cousins came to live with them in cushioned comfort.* (এমনকি তাদের চাচাতো ভাইরাও তাদের সংগে বাস করতো গদি-আঁটা নরম আসনের আরামের মধ্যে।)

শব্দের অর্থ

cushioned (কুশন্ড্) = গদি-আঁটা। ***comfort*** (কম্ফোর্ট্) = আরাম।

18. *The world is short of many things but not detractors. They said, "The cage looks better no doubt, but has anyone taken notice of the bird?"* [পৃথিবীতে অনেক কিছুরই অভাব রয়েছে, কিন্তু নিন্দুকের অভাব নেই। তারা (নিন্দুকরা) বললো, "খাঁচাটা দেখতে আরো সুন্দর হয়েছে এতে কোনো সন্দেহ নেই, কিন্তু কেউ কি পাখিটার অবস্থার প্রতি লক্ষ্য করেছে?"]

শব্দের অর্থ

short of (শর্ট্ অফ্) ***xyz*** = *xyz*-এর ঘাটতি বা অভাব রয়েছে এমন ।
detractor (ডিট্র্যাক্টোর্) = যে অন্যের নিন্দা করে = নিন্দুক ।
take notice of xyz = *xyz*-এর প্রতি লক্ষ্য করা।

19. *This was reported to the King. He said to a nephew, "What's this I hear?" "Your Majesty," replied the nephew, "If you wish to hear the truth, summon the goldsmiths, the scholars, the scribes, the maintenance crew and their supervisors. Those who haven't got a share of the royal bounty* (বাউন্টি = অকৃপণ দান / বদান্যতা) *are resorting to slander."*

বাক্যের অর্থ

এটা, মানে, নিন্দুকদের এই কথাটা রাজাকে বলা হলো। সে (তার) এক ভাগিনাকে বললো, "এ কী কথা আমি শুনি?" ভাগিনা উত্তরে বললো, 'মহারাজ, আপনি যদি সত্যটা শুনতে ইচ্ছা করেন, তাহলে ডাকুন স্বর্ণকারদের, পান্ডিতদের, দলিল লেখকদের, রক্ষণাবেক্ষণের দায়িত্বে নিয়োজিত কর্মীদের এবং তাদের তত্ত্বাবধানকারীদেরকে। ঐ সমস্ত লোক যারা রাজার বদান্যতা থেকে কোনো অংশ পায় নি, তারাই মিথ্যা অপবাদের আশ্রয় নিচ্ছে।"

20. *Everything became clear to the King and he rewarded his nephew with a gold chain.* (রাজার কাছে সবকিছু পরিষ্কার হয়ে গেলো এবং তিনি তার ভাগিনাকে পুরস্কৃত করলেন একটি স্বর্ণের চেইন দ্বারা।)

21. *The King wished to see for himself at what an awesome pace the bird's schooling was going on.* (কী প্রচণ্ড গতিতে পাখিটার শিক্ষা চলছিলো সেটা রাজা স্বয়ং নিজে দেখতে ইচ্ছা করলেন।)

শব্দের অর্থ

awesome (অসাম্) = মারাত্মক; প্রচণ্ড। ***pace*** (পেইস্) = গতি।

Recent Bazar

22. *One day he turned up at the schoolroom with his friends, counselors and courtiers. At once the musicians at the gate struck up on their many wind and percussion instruments.*

শব্দের অর্থ

wind	(উইন্‌ড্‌)	= ফুঁ দিয়ে বাজানো বাদ্যযন্ত্র।
percussion	(পার্‌কাশ্‌ন্‌)	= আঘাত করে বাজানো হয় এমন বাদ্যযন্ত্র, যেমন ড্রাম।
strike up	(স্ট্রাইক্‌ আপ্‌)	= শুরু করা (past form: ***struck up***)।

Example: *The band **struck up** a new tune.* (ব্যান্ড দলটি একটি নতুন সুর বাজানো শুরু করলো।)

বাক্যের অর্থ

একদিন তিনি স্কুল কক্ষে উপস্থিত হলেন তার বন্ধু-বান্ধব, উপদেষ্টামণ্ডলী এবং সভাসদদের সঙ্গে নিয়ে। তৎক্ষণাৎ গেটের বাদকদল তাদের *wind* এবং *percussion instruments* তথা বাদ্যযন্ত্রগুলো বাজাতে শুরু করলো।

23. *The teachers shook their sacred tufts of hair as they loudly chanted mantras, and all the workmen, labourers, goldsmiths, scribes and their numerous cousins raised slogans in praise of the King.* (শিক্ষকরা তাদের পবিত্র চুলের গোছা নাড়ালো যখন তারা উচ্চস্বরে সুর করে মন্ত্রপাঠ করছিলো, এবং সকল কারিগর, শ্রমিক, স্বর্ণকার, দলিল লেখক এবং তাদের বিপুল সংখ্যক চাচাতো ভাই-বোনেরা রাজার প্রশংসায় শ্লোগান তুললো।)

Recent Bazar

শব্দের অর্থ

tuft	(টাফ্‌ট্‌)	= (চুল / পালক প্রভৃতির) গোছা।	***sacred***	(সেইক্রিড্‌)	= পবিত্র।
chant	(চান্‌ট্‌)	= সুর করে গাওয়া।	***numerous***	(নিউমেরাস্‌)	= বিপুল সংখ্যক।

24. *A nephew commented, "Your Majesty can see how things are going on."*
[একজন ভাগিনা মন্তব্য করলো, "মহারাজ, কাণ্ড দেখতেছেন"।]
"Astonishing!" replied the King, "the din isn't negligible."
[রাজা উত্তরে বললেন, "আশ্চর্য! শব্দ কম নয়।"]
"Not only the noise," said the nephew. "The meaning behind it isn't negligible either." [ভাগিনা বললো, "শুধু শব্দই নয়, এর পেছনে যে অর্থ লুকিয়ে আছে সেটাও সামান্য নয়।"]

শব্দের অর্থ

things	(থিঙ্‌স্‌)	= কর্মকান্ড / পরিস্থিতি।	***astonishing***	(অ্যাস্‌টোনিশিং)	= বিস্ময়কর।
din	(ডিন্‌)	= শব্দ / হট্টগোল।	***negligible***	(নেগ্‌লিজিব্‌ল্‌)	= সামান্য / কম।

25. *The King was pleased and walked out the gate to mount* (মাউন্ট = আরোহণ করা) *his elephant when one of the fault-finders, who had been lurking* (লার্ক্ = লুকিয়ে থাকা) *behind bushes, shouted, "Have you seen the bird, Your Majesty?"*

*** *fault-finder*** (ফল্ট্-ফাইন্ডার্) = *fault* বা দোষ *find* অর্থাৎ, খুঁজে বেড়ায় যে ব্যক্তি = ছিদ্রান্বেষণকারী।

বাক্যের অর্থ

রাজা খুশি হলেন এবং গেটের বাইরে হেঁটে গেলেন হাতিতে আরোহণ করার জন্য যখন নিন্দুকদের একজন যে ঝোপের পিছনে লুকিয়ে ছিলো, চিৎকার দিয়ে বললো, "মহারাজ, আপনি কি পাখিটিকে দেখেছেন?"

26. *The King was startled. He said, "There! I'd forgotten about it. We haven't seen the bird."* (রাজা চমকে উঠলেন। তিনি বললেন, "ঐ যা! আমি তো এটার ব্যাপারে ভুলেই গিয়েছিলাম। আমরা পাখিটাকে দেখি নাই।")

27. *He went back and said to the teacher, "We must see the manner in which you conduct the lessons."* (তিনি ফিরে গেলেন এবং শিক্ষককে বললেন, "আমাদেরকে অবশ্যই কায়দাটা দেখতে হবে যেভাবে তুমি পাখিটাকে শেখাও।")

শব্দের অর্থ

startle (স্টার্‌টল্) = চমকে উঠা। ***conduct*** (কন্‌ডাক্ট) = পরিচালনা করা।
manner (ম্যানার্) = কায়দা/পদ্ধতি।

28. *A demonstration followed. It pleased the King no end.* (এরপর পাখিটাকে কীভাবে শিক্ষা দেয়া হয় তার একটা *demonstration*, মানে, সেটা প্রদর্শন করা হলো। এটা রাজাকে অত্যন্ত খুশি করলো।)

শব্দের অর্থ

demonstration (ডেমোন্‌স্ট্রেইশন্) = কোনোকিছু কীভাবে কাজ করে বা কীভাবে করা হয়, তার প্রদর্শন।
no end (নোউ্ এন্‌ড্) = অত্যন্ত / খুব।

29. *The manner was so advanced that the bird was hardly visible. It seemed not at all necessary to see the bird.* [কায়দাটা ছিলো (পাখিটার তুলনায়) এতটাই *advanced* তথা অগ্রগামী যে পাখিটাকে প্রায় দেখাই যাচ্ছিলো না। পাখিটাকে দেখার আদৌ কোনো প্রয়োজন আছে বলে মনে হলো না।]

শব্দের অর্থ

manner (ম্যানার্) = পদ্ধতি / কায়দা । ***hardly*** (হার্ডলি) = খুবই কম ।
visible (ভিযিব্‌ল্) = দৃশ্যমান । ***at all*** (এ্যাট্ অল্) = আদৌ / মোটেই ।

Recent Bazar

30. *The King was satisfied that there was no flaw in the arrangements. Inside the cage there was neither any grain nor a drop of water. Only reams of texts were being torn and the pieces of paper thrust into the bird's mouth with the point of a quill.*

শব্দের অর্থ

flaw	(ফ্ল)	= ত্রুটি	।	***grain***	(গ্রেইন্)	= শস্যদানা	।
reams	(রীম্স্)	= ভূরি ভূরি	।	***tear***	(টিয়ার্)	= ছিঁড়ে ফেলা (*tear-tore-torn*)	।
thrust	(থ্রাস্ট্)	= ঠেসে ভরা	।	***point***	(পয়েন্ট্)	= ডগা। ***quill*** (কুইল্) = কলম	।

বাক্যের অর্থ

রাজা সন্তুষ্ট ছিলেন যে আয়োজনের মধ্যে কোনো ত্রুটি নেই। খাঁচার ভিতরে দানাও ছিলো না, এক ফোঁটা পানিও ছিলো না। কেবল রাশি রাশি বই-পুস্তক ছেঁড়া হচ্ছিলো এবং কাগজের টুকরোগুলোকে কলমের ডগা দিয়ে পাখিটার মুখের মধ্যে ঠেসে ভরা হচ্ছিলো।

31. *Not only had the singing stopped, there wasn't even scope for screeching. It was thrilling to watch.* (শুধুমাত্র পাখির গান গাওয়াটাই বন্ধ হয় নি, এমনকি চিৎকার করার সুযোগটুকুও ছিলো না। ব্যাপারটা দেখলে শরীরে রোমাঞ্চকর অনুভূতি হয়।)

শব্দের অর্থ

screech (স্ক্রীচ্) = তীব্রশব্দে চিৎকার করা। ***thrilling*** (থ্রিলিং) = রোমাঞ্চকর।

32. *This time, as the King mounted the elephant he ordered the officer entrusted with twisting* (টুইস্ট্ = মোচড়ানো) *the ears of mischief-makers to deal with the fault-finder.*

শব্দের অর্থ

entrusted with	(এনট্রাস্টেড্ উইথ্) ***xyz***	= *xyz* কাজের জন্য দায়িত্বপ্রাপ্ত	।
mischief-maker	(মিস্চীফ্-মেইকার্)	= কলহ সৃষ্টিকারী	।

বাক্যের অর্থ

এবার, যখন রাজা হাতিতে আরোহণ করছিলেন, তিনি (রাজ্যে) কলহ সৃষ্টিকারীদের কানগুলোকে মোচড়ানোর দায়িত্ব যার উপর ন্যস্ত ঐ অফিসারকে আদেশ করলেন দোষ-অনুসন্ধানকারীর একটা ব্যবস্থা করতে, মানে তাকে শাস্তি দিতে।

Recent Bazar